**AKASHVANI(Kolkata)**
**Regional News Unit**

**Date: 12-12-2025** | **Desk inCharg :- Kalyan L.**
**Time: 1-30 PM** | **Compailing:- Avirup.B / NBR**
**DEO : KB** | **NRT : Surita Saha**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবর –

১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ ইম্ফলে ৮৬-তম নুপীলাল দিবস ২০২৫-এর অনুষ্ঠানে মণিপুরে সাহসী নারীদের উদ্দেশ্যে পুষ্পার্ঘ্য নিবেদন করে শ্রদ্ধা জানিয়েছেন।

২) প্রবীণ কংগ্রেস নেতা, প্রাক্তন স্বরাষ্টমন্ত্রী শিবরাজ পাতিলের প্রয়াণে লোকসভায় আজ শোকজ্ঞাপন। # শোক প্রকাশ করেছেন, রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী সহ অন্যান্য রাজনৈতিক ব্যক্তিবর্গ।

৩) সংসদের শীতকালীন অধিবেশনে দেশজুড়ে বিপজ্জনকভাবে বেড়ে চলা বায়ুদূষণ নিয়ে সরকার আলোচনায় প্রস্তুত বলে সংসদবিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু জানিয়েছেন।

৪) দেশের কৃষি উৎপাদন, গত দশ বছরে ৪৪ শতাংশ বৃদ্ধি পেয়েছে বলে সরকার সংসদে জানিয়েছে।

৫) অন্ধ্রপ্রদেশের আলুরি সীতা রামরাজু জেলায় আজ সকালে পথ দুর্ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৯।

৬) ভারতীয় আবহাওয়া বিভাগ- IMD, ছত্তিশগড়, মহারাষ্ট্র, উত্তর কর্ণাটক, ওড়িশা, তেলেঙ্গানা এবং পশ্চিম মধ্যপ্রদেশে আজ শৈত প্রবাহের পূর্বাভাস দিয়েছে।

***************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ আজ ইম্ফলে ৮৬-তম নুপীলাল দিবস ২০২৫-এর অনুষ্ঠানে মণিপুরে সাহসী নারীদের উদ্দেশ্যে পুষ্পার্ঘ্য নিবেদন করে শ্রদ্ধা জানান। নুপীলাল স্মৃতি কমপ্লেক্সের মূল মঞ্চ পরিদর্শন করেন তিনি। মণিপুরের রাজ্যপাল অজয় কুমার ভাল্লা, প্রাক্তন মুখ্যমন্ত্রী এন বীরেন সিং সহ বিধায়ক ও বরিষ্ঠ সরকারী আধিকারিকরাও পুষ্পার্ঘ্য নিবেদন করেন।

উল্লেখ্য, রাজ্যস্তরে ৮৬-তম নুপীলাল দিবস পালিত হচ্ছে ইম্ফলের ঘনপ্রিয়া মহিলা কলেজে (Ghanapriya Women's College) ।

এরপর রাষ্ট্রপতি যাবেন সেনাপতি জেলায়। সেখানে কয়েকটি প্রকল্পের শিলান্যাস ও উদ্বোধন করা ছাড়াও একটি জনসমাবেশেও তিনি ভাষণ দেবেন। আগেই জানান হয়েছে, দুদিনের মণিপুর সফরে গতকাল রাষ্ট্রপতি ইম্ফলে পৌঁছন। স্বাস্থ্য, শিক্ষা, আদিবাসী উন্নয়ন, কৃষি সহ বিভিন্ন ক্ষেত্রে এক হাজার ৩৮৭ কোটি টাকার প্রকল্পের শিলান্যাস করেন তিনি।

**********************

প্রবীণ কংগ্রেস নেতা ও প্রাক্তন স্বরাষ্ট্র মন্ত্রী শিবরাজ পাতিল প্রয়াত। তাঁর বয়স হয়েছিল ৯১ বছর। আজ ভোরে লাটুরে তাঁর বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। প্রাক্তন মন্ত্রী দীর্ঘ দিন ধরে অসুস্থতার কারণে চিকিৎসাধীন ছিলেন। দীর্ঘ রাজনৈতিক কর্মজীবনে একাধিক গুরুত্বপূর্ন পদে নিযুক্ত ছিলেন শিবরাজ পাতিল। ছিলেন লোকসভার অধ্যক্ষও। লাটুর লোকসভা কেন্দ্র থেকে সাত বার জিতেছিলেন তিনি। এদিকে প্রাক্তন লোকসভা অধ্যক্ষ এবং বর্ষীয়ান কংগ্রেস নেতা শিবরাজ পাটিলের প্রয়াণে আজ সকালে লোকসভায় শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হয়। আজ সকাল ১১টায় অধিবেশন শুরু হলে লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা সংসদে তাঁর মৃত্যুর খবর ঘোষণা করেন।

লোকসভার অধ্যক্ষ জানান, শিবরাজ পাটিলের সভাপতিত্বকালেই লোকসভায় 'আউটস্ট্যান্ডিং পার্লামেন্টেরিয়ান অ্যাওয়ার্ড' প্রবর্তিত হয়। সংসদ তাঁর অবদানের কথা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে।

( বাইট- ওম বিড়লা )

************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রাক্তন লোকসভা অধ্যক্ষ ও কেন্দ্রীয় মন্ত্রী শিবরাজ পাটিলের প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন। সামাজিক মাধ্যমে এক শোকবার্তায় রাষ্ট্রপতি বলেন, দীর্ঘ রাজনৈতিক জীবনে শিবরাজ পাটিল লোকসভার অধ্যক্ষ, কেন্দ্রীয় মন্ত্রী, রাজ্যপাল এবং দীর্ঘদিনের সাংসদ হিসেবে একাধিক গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। জনসেবার প্রতি তাঁর নিষ্ঠা স্মরণীয়।

প্রধানমন্ত্রী তাঁর শোকবার্তায় লেখেন, শিবরাজ পাটিল এক অভিজ্ঞ ও বিচক্ষণ নেতা ছিলেন। তিনি বিধায়ক, সাংসদ, মহারাষ্ট্র বিধানসভার অধ্যক্ষ এবং লোকসভার অধ্যক্ষ হিসেবে দেশের রাজনৈতিক পরিসরে দীর্ঘ সময় অবদান রেখেছেন। সমাজকল্যাণে তাঁর আন্তরিক আগ্রহ ছিল বলেও উল্লেখ করেন প্রধানমন্ত্রী। উভয় শীর্ষনেতাই তাঁর আত্মার শান্তি কামনা করে পরিবার-পরিজনদের প্রতি সমবেদনা জানান।

শিবরাজ পাতিলের প্রয়াণে গভীর শোক প্রকাশ করেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার। এদিকে সংসদের উভয় কক্ষে আজ ২০01 সালের ১৩ ডিসেম্বর সংসদে জঙ্গিহানায় নিহতদের স্মৃতীর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে নীরবতা পালন করা হয়।

************************

সংসদের শীতকালীন অধিবেশনে দেশজুড়ে বিপজ্জনকভাবে বেড়ে চলা বায়ুদূষণ নিয়ে সরকার আলোচনায় প্রস্তুত বলে সংসদবিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু জানিয়েছেন।

লোকসভায় আজ তিনি বলেন, লোকসভার কার্য উপদেষ্টা কমিটিতে বিরোধী দলনেতা বিষয়টি উত্থাপন করেছেন। তাই নিয়ম মেনে কীভাবে আলোচনা হবে তা বিবেচনা করছে সরকার।

( বাইট- রিজিজু )

আজ অধিবেশের জিরো আওয়ারে বিষয়টি উত্থাপন করেন কংগ্রেস সাংসদ রাহুল গান্ধী। তিনি বলেন, বায়ুদূষণ এই মুহূর্তে দেশের সামনে অন্যতম বড় চ্যালেঞ্জ । এই বিষয়ে সরকার ও বিরোধীরা একসঙ্গে আলোচনা করে শহরাঞ্চলে দূষণ কমাতে একটি সুস্পষ্ট পরিকল্পনা আনবে বলে তিনি আশাবাদি। রাহুল গান্ধী জানান, কংগ্রেস-সহ সমস্ত বিরোধী দল এমন কোনও পরিকল্পনায় সরকারকে সমর্থন করতে প্রস্তুত।

**********************

দেশের কৃষি উৎপাদন, গত দশ বছরে ৪৪ শতাংশ বৃদ্ধি পেয়েছে বলে সরকার সংসদে জানিয়েছে। রাজ্যসভায় প্রশ্নোত্তর পর্বে এক অতিরিক্ত প্রশ্নের জবাবে কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেন, ২০১৪ থেকে ২০২৪ সালের মধ্যে উন্নত বীজ, আধুনিক যন্ত্রপাতি ও প্রযুক্তি এবং উন্নত কৃষি পদ্ধতির ব্যবহারের ফলে এই অভাবনীয় সাফল্য এসেছে। তিনি জানান, কৃষিক্ষেত্রে সামগ্রিক উন্নয়নের জন্য লাগাতার চেষ্টা চালাচ্ছে সরকার।

মন্ত্রী আরও জানান , কৃষকদের আয় বাড়ানো এবং কৃষির সার্বিক বিকাশের লক্ষ্যে ছয় দফা কৌশল গ্রহণ করা হয়েছে। এর মধ্যে সার ভর্তুকি বাবদ বছরে ২ লক্ষ কোটি টাকার বেশি প্রদান, প্রধানমন্ত্রী কিসান সম্মান নিধি প্রকল্পের মাধ্যমে কৃষকদের অ্যাকাউন্টে সরাসরি ৪ লক্ষ কোটি টাকা হস্তান্তর এবং প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনার আওতায় ১ লক্ষ ৯০ হাজার কোটি টাকা ক্ষতিপূরণ হিসেবে বিতরণের মতো কর্মসূচি রয়েছে।

এদিকে মন্দিরে প্রদীপ প্রজ্বলন ইস্যুতে ডিএমকে সাংসদদের বিক্ষোভকে কেন্দ্র করে লোকসভার অধিবেশন আজ দুপুর দুটো পর্যন্ত মুলতুবি করে দেওয়া হয়েছে।

**********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৫ তারিখ তিন দেশ সফর শুরু করবেন। সফরের প্রথম পর্যায়ে শ্রী মোদী জর্ডনে গিয়ে রাজা আবদুল্লা বিন আল হুসেনের সঙ্গে বৈঠকে দু দেশের সম্পর্ক, সমৃদ্ধি ও নিরাপত্তা বিষয়ে আলোচনা করবেন। দুদেশের দ্বিপাক্ষিক কৌশলগত সম্পর্কের এটি ৭৫ তম বর্ষ। এরপর ১৬ তারিখ তিনি ইথিওপিয়া যাবেন। এটি হবে শ্রী মোদীর সেদেশে প্রথম সফর। দক্ষিণী বিশ্বের অংশীদার হিসেবে দুই দেশের মধ্যে বন্ধুত্বের সম্পর্ক শক্তিশালী করাই এর উদ্দেশ্য । সফরের শেষ পর্বে প্রধানমন্ত্রী ওমানে যাবেন। সফরকালে বাণিজ্য, বিনিয়োগ, প্রতিরক্ষা, প্রযুক্তি, কৃষি, সংস্কৃতি সহ বিভিন্ন ক্ষেত্রে দুই দেশ দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে আলোচনা হবে। এটি প্রধানমন্ত্রীর দ্বিতীয় ওমান সফর।

**********************

প্রধান মন্ত্রী নরেন্দ্র মোদী গতরাতে তাঁর বাসভবনে এন ডি এ সাংসদদের সঙ্গে এক নৈশভোজে মিলিত হন।। সমাজ মাধ্যমের একটি বার্তায় শ্রী মোদী বলেন, এনডিএ পরিবারের প্রতিনিধিরা দেশের সুশাসন, উন্নয়ন ও বিকাশ নিয়ে প্রতিজ্ঞাবদ্ধ। আগামী দিনেও তাঁরা একসঙ্গে কাজ করে দেশের উন্নয়নের যাত্রা আরো সুদৃঢ় করে তুলতে পারবেন। বিহার নির্বাচনে জয়ের পর এনডিএ প্রতিনিধিদের এটি ছিল প্রথম সমাবেশ।

**********************

১৫ই ডিসেম্বর থেকে বিকেল ৫-১০ মিনিটের সংবাদের সময় ৫ মিনিট বেড়ে ১০ মিনিটের হচ্ছে। একই সঙ্গে গ্রামাঞ্চলের খবর আরও বেশী করে শ্রোতাদের কাছে পোঁছে দিতে ওইদিন থেকে বেলা ১২-৩০ এবং সন্ধ্যা ৬-৩৫ মিনিটের গ্রামীণ সংবাদের সময়সীমা ৩ মিনিটের বদলে ৫ মিনিটের হবে।

**********************

অন্ধ্রপ্রদেশের আলুরি সীতা রামরাজু জেলায় আজ ভোরে এক বাস দুর্ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৯, আহত ২২ জন । তেলঙ্গানা যাওয়ার সময়, চিন্টুর-মারেদুমিলি ঘাটের কাছে বেসরকারি বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পরে গেলে এই দুর্ঘটনা ঘটে। ঐ সময় বাসে ৩৫ জন যাত্রী এবং দু'জন চালক ছিলেন। আহতদের স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হয়। গুরুতর আহত যাত্রীদের মধ্যে পাঁচজনকে ভদ্রাচলম সরকারি হাসপাতালে পাঠানো হয়েছে। বাসটির গতি বেশি থাকায় দুর্ঘটনা ঘটেছে বলে পুলিশের প্রাথমিক অনুমান। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপ রাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণন এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সামাজিক মাধ্যমে দুর্ঘটনায় মৃতদের পরিবারের প্রতি শোকজ্ঞাপন করেছেন এবং আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, মৃতের পরিবারকে দু' লক্ষ টাকা এবং আহতদের ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ দেবার কথা ঘোষণা করেছেন। মহারাষ্ট্রের রাজ্যপাল এস . আব্দুল নাজীর এবং মুখ্যমন্ত্রী চন্দ্রবাবু নাইডুও এই মর্মান্তিক ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন।

**********************

ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কেন্দ্রীয় সরকারি চাকরির পরীক্ষায় অংশগ্রহণকারী বিশেষভাবে স্বক্ষম পরীক্ষার্থীদের নিজেদের পছন্দমত পরীক্ষাকেন্দ্রেই পরীক্ষা দেওয়ার

ব্যবস্থা করবে। আসন সংখ্যা না থাকলেও প্রয়োজনে অতিরিক্ত আসনের ব্যবস্থাও করা হবে। যাতে একজনও বিশেষভাবে স্বক্ষম আবেদনকারী তাঁর পছন্দের কেন্দ্রে পরীক্ষা দেওয়ার সুযোগ থেকে বঞ্চিত না হন। UPSC-র চেয়ারম্যান ড. অজয় কুমার জানিয়েছেন, গত পাঁচ বছরের কেন্দ্র সংক্রান্ত তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে—দিল্লি, কটক, পাটনা, লখনউয়ের মতো কেন্দ্রে খুব দ্রুত আসন পূর্ণ হয়ে যায়। এই প্রেক্ষিতেই নতুন ব্যবস্থাটি চালু করা হয়েছে।এই সিদ্ধান্ত UPSC পরীক্ষায় বিশেষ ভাবে স্বক্ষম পরীক্ষার্থীদের অংশগ্রহণের সুযোগ আরও বাড়বে বলে তিনি আশা প্রকাশ করেন।

**********************

তিরিশ তম কেরালা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব আজ তিরুবন্তপুরমে শুরু হবে। কেরালার রাজ্য চলচ্চিত্র অ্যাকাডেমি দ্বারা আয়োজিত এই চলচ্চিত্র উৎসব চলবে ১৯ তারিখ পর্যন্ত। ৮২ টি দেশ থেকে ২৬ টি বিভাগে মোট ২০৬ টি চলচ্চিত্র প্রদর্শিত হবে। আজ বিভিন্ন জায়গায় ১১ টি ছবি দেখানো হবে। এর মধ্যে রয়েছে অ্যানিমারি জাকির পরিচালিত ‘প্যালেস্তাইন ৩৬’। টোকিও আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে এই চলচ্চিত্রটি সেরা ছবির খেতাব জেতে। আন্তর্জাতিক প্রতিযোগিতা বিভাগে বিভিন্ন দেশ থেকে পাঁচটি চলচ্চিত্র সুবর্ণ চক্র ও রজত চক্র পুরস্কারের জন্য অংশ নিয়েছে। আফ্রিকার সিনেমায় অবদানের জন্য মরিশাসের চিত্র পরিচালক আব্দেরহমানে সিসাকোকে জীবন কৃতি সম্মান প্রদান করা হবে এই উৎসবে।

**********************

পরিবেশ, অরণ্য ও জলবায়ু পরিবর্তন প্রতিমন্ত্রী কীর্তি বর্ধন সিং বলেন, ভারত সুস্থায়ী জীবনযাপন, অনুকূল জলবায়ু ও বিশ্ব দরবারে পরিবেশ সুরক্ষায় যে কোন উদ্যোগকে সমর্থন করে আসছে শুরু থেকে। কেনিয়ায় গতকাল রাষ্ট্র সংঘের পরিবেশ সভার সপ্তম অধিবেশনে মন্ত্রী আরো বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর

নেতৃত্বে ভারত পরিবেশ বান্ধব একটি ব্যবস্থা ও অর্থনীতির মধ্যে সামঞ্জস্য বজায় রাখার লক্ষ্যে প্রতিজ্ঞাবদ্ধ। এর মধ্য দিয়ে ভবিষ্যৎ প্রজন্মের ভালো থাকা সুনিশ্চিত করা সম্ভব হবে।

**********************

জাপানের পূর্ব উপকূলে আওমরী এলাকায় আজ ৬ দশমিক ৭ মাত্রার ভূকম্পন অনুভূত হয়। জাপান, আবহাওয়া সংস্থা জানিয়েছে কেপ এরিমোর ১২০ কিলোমিটার দক্ষিণ, দক্ষিণ-পশ্চিমে মাটির ২০ কিলোমিটার গভীরে ছিল এই কম্পনের উৎসস্থল। এরপরেই প্রশাসনের পক্ষ থেকে সুনামীর সতর্ক বার্তা জারি করা হলেও, জাপানের উত্তরাংশে প্রশান্ত মহাসাগর উপকূল এলাকা থেকে এই সতর্ক বার্তা তুলে নেওয়া হয়েছে। সমুদ্রে থাকা মৎস্যজীবী ও অন্যান্যদের অবিলম্বে ফিরে আসার জন্য বলেছে প্রশাসন।

**********************

ভারতীয় আবহাওয়া বিভাগ-IMD, ছত্তিশগড়, মহারাষ্ট্র, উত্তর কর্ণাটক, ওড়িশা, তেলেঙ্গানা এবং পশ্চিম মধ্যপ্রদেশে আজ শৈত প্রবাহের পূর্বাভাষ দিয়েছে। উত্তরপ্রদেশ, হরিয়ানা, পাঞ্জাব, চন্ডীগড়, দিল্লি ও হিমাচলপ্রদেশে বেশকিছুস্থানে ঘন কুয়াশা দেখা যাবে। একই পরিস্থিতি থাকবে অসম, মেঘালয়, নাগাল্যান্ড, মণিপুর, মিজোরাম, ত্রিপুরাতেও।

পশ্চিমবঙ্গে আগামী কয়েকদিন শীতের আমেজ একই রকম থাকবে বলে আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে। পশ্চিমের জেলাগুলিতে সর্বনিম্ন তাপমাত্রা ১১ থেকে ১৩ ডিগ্রীর মধ্যে থাকার সম্ভাবনা।

অন্যদিকে, কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৪ দশমির ৮ ডিগ্রী সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে ১ দশমিক ৩ ডিগ্রী কম। উত্তরবঙ্গের জেলাগুলিতে সকালের দিকে কুয়াশার পূর্বাভাষ রয়েছে।

এদিকে, শহরের বায়ুর গুণমান সূচক AQI যথেষ্ট উদ্বেগজনক। কলকাতার ভিক্টোরিয়া ও ময়দান এলাকায় আজ সকালে AQI ছিল ৩৫৯ মাইক্রোগ্রাম, যা অতি খারাপ বলে বিবেচিত হয়।

*******************************************************************